গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.০০০.১০৩.০৬.০৪০৭.০৩(অংশ-৪).৮০১ তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেপ্টেম্বর, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. আবদুল জলিল, মহাপরিচালক |
| সভার তারিখ | ০৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০টায় |
| স্থান | সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, আগস্ট, ২০২৫ মাসে এস ডি প্রোডাকশন থেকে ১৯টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র এবং দিগন্ত চলচ্চিত্র থেকে ৩২ টিসহ সর্বমোট ৫১টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র সংগ্রহ করা হয়। ৩৫ মি.মি. এবং ১৬ মি. মি. চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র আগস্ট ২০২৫ মাস পর্যন্ত সংগ্রহ ৬,৯৮৭টি এবং ডিজিটাল চলচ্চিত্র (একাধিক কপিসহ) ৭,৬৪০টি সহ সর্বমোট সংগৃহীত চলচ্চিত্র ১৪,৬২৭টি।<br>আগস্ট ২০২৫ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক নারগিস আক্তার থেকে ০১ টি ক্রেস্ট এবং ০১ টি সম্মাননা স্মারক সংগ্রহ করা হয়। | চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। আগামী সমন্বয় সভায় এ পর্যন্ত সংগ্রহীত ও সংরক্ষিত চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র সংখ্যা উপস্থাপন করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। আগস্ট, ২০২৫ মাসে ০৩টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (রূপালি সৈকতে, মোহনা, ও আমির সওদাগর ও ভেলুয়া সুন্দরী) এবং ০৫টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | ফিল্ম ডিজিটাইজেশনের সংগ্রহ সংখ্যা বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>পরবর্তী মাস হতে ডিজিটাল ফরমেটে রূপান্তরের ০৪টি ধাপের (স্ক্যানিং, রেস্টোরেশন, কালার গ্রেডিং ও এডিটিং এবং স্টোরেজ) তথ্য এবং এ যাবত ডিজিটাল ফরমেটে রূপান্তরের সংখ্যা পৃথকভাবে উল্লেখ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |
| ৩। | চলচ্চিত্র প্রদর্শনী | আগস্ট ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে সাপ্তাহিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ও জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ এর বর্ষপূর্তি উপলক্ষ্যে ডকুমেন্টারিসহ মোট ০৭ টি চলচ্চিত্র প্রদর্শনী হয়।<br>২০২৫-২৬ অর্থবছরে সর্বমোট প্রদর্শিত চলচ্চিত্রের সংখ্যা ৩০টি। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার |

**(খ) হিসাব শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বাজেট বাস্তবায়ন | ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ১২ কোটি ৫৬ লক্ষ টাকা। ২০২৫-২৬ অর্থবছরের আগস্ট, ২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ১ কোটি ৪৩ লক্ষ ৬৩ হাজার ৯৪০ টাকা ৬০ পয়সা, যা মূল বাজেটের ১১.৪৪%। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাজেট বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৫। | অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয় | ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষমাত্রা ৪১ লক্ষ ২৫ হাজার টাকা। ২০২৫-২৬ অর্থবছরের আগস্ট, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রয় বাবদ ২৬ হাজার ৫২২ টাকা সংগৃহীত হয়েছে যা লক্ষ্যমাত্রার মোট আয়ের ০.৬৪। কিন্তু উক্ত টাকা চালান সাবমিট জটিলতার কারণে জমা করা যায়নি। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে।<br>জমাকৃত ও জমার জন্য সংগৃহীত আয়ের তথ্য পৃথকভাবে উপস্থাপন করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | দ্বি-তারকা চিহ্ন প্রত্যাহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ০৫টি কোডের (১) সেমিনার/কনফারেন্স-৩২১১১১১; (২) আউসোর্সিং-৩২১১১৩১; (৩) অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (মেরামত)-৩২৫৮১০৫; (৪) যাদুঘর, শিল্পকর্ম, পেইন্টিং আর্কাইভ ও চলচ্চিত্র-৪১৩১১০১; বাজেট বরাদ্দ, বিস্তারিত ব্যয় বিভাজন অনুমোদন ও দ্বি-তারকা চিহ্ন প্রত্যাহার হয়েছে। ০৪/০৯/২০২৫ তারিখে প্রত্যাহার সংক্রান্ত পত্র প্রশাসনিক মন্ত্রণালয় হতে পাওয়া গিয়েছে। | দ্বি-তারকা চিহ্ন প্রত্যাহার হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) ২০২৫-২০২৬ অর্থবছরে নির্বাচিত গবেষণাকর্মের গবেষকদের নিয়ে 'চলচ্চিত্র বিষয়ক গবেষণা পদ্ধতি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।<br>খ) ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রন্থাকারে প্রকাশের জন্য বিবেচিত গবেষণাকর্মের গবেষকদের চূড়ান্ত পাণ্ডুলিপি আর্কাইভে জমাদানের সময় ২১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. নির্ধারিত আছে।<br>গ) ২০২৬-২০২৭ অর্থবছরে গবেষণা ফেলোশিপের বিজ্ঞপ্তি ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল ২২তম সংখ্যা'র লেখা আহবানের বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তি দুটি সরকারি/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের চলচ্চিত্র বিষয়ক বিভাগ এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগসমূহে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিজ্ঞপ্তি দুটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রেরণ করা হয়েছে।<br>ঘ) আগস্ট, ২০২৫ মাসে লাইব্রেরী শাখার নিয়মিত কার্যক্রমের আওতায় পোস্টার ০৬টি রেজিস্ট্রার বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে, সাময়িকী ০২টি রেজিস্ট্রার বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে, পেপার কাটিং ৫৭টি, বই বিক্রি ১০টি (১০৭৭/-) টাকা, ডাটা এন্টি ও কল নম্বর ৩১০টি রেজিস্ট্রার বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে, পোস্টার বাঁধায় ০৩টি রেজিস্ট্রার বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে, সিনে ক্লিপসিং ৬৭টি রেজিস্ট্রার বইয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে, সাবেক মহাপরিচালক মহোদয়ের ছবি ০১টি বাঁধাই করে রাখা হয়েছে। | ক) চুক্তিপত্রের শর্ত মোতাবেক টার্ম-১ (৪৫ দিন) শেষে তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্রসহ গবেষণাকর্মের অগ্রগতি প্রতিবেদন জমা প্রদানের বিষয়ে গবেষকদের সাথে যোগাযোগ রাখতে হবে ও তাগাদা প্রদানের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) নির্ধারিত সময়ে চূড়ান্ত পাণ্ডুলিপি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমা দেয়ার জন্য গবেষকদ্বয়ের সাথে যোগাযোগের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত গবেষণা প্রস্তাবনা ও জার্নালের লেখা সম্পর্কিত পরবর্তী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>ঘ) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সমাপ্ত করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান এবং সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | • আগষ্ট, ২০২৫ মাসে দপ্তরে ৩টি লিফটের পিরিয়ডিক সার্ভিসিং, ৬ষ্ঠ তলা ও লাইব্রেরী শাখার ওয়াটার পিউরিফায়ার সার্ভিসিং কাজ করা হয়েছে।<br>• সীমানা প্রাচীরের কিছু গ্লোব এলইডি বাল্ব পরিবর্তন, ক্যাফেটেরিয়া ও ইলেকট্রিক ডাক্টের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় ও স্থাপন করা হয়েছে।<br>• এছাড়া, ফিল্ম অফিসারের কম্পিউটার মেরামত, ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম কনফিগার ও মেরামত এবং ডিজিটাল এলইডি ডিসপ্লের অভ্যন্তরে পাওয়ার সাপ্লাই ইনস্টলেশনের কাজ করা হয়েছে।<br>• বাংলাদেশ ফিল্ম আর্কাইভের +১২°সেলসিয়াস ভল্টের টেম্পারেচার সেন্সর সার্ভিসিং, আউটডোর ইউনিটে গ্যাস চার্জ এবং কন্ট্রোল প্যানেল সার্ভিসিং করা হয়েছে।<br>• বাংলাদেশ ফিল্ম আর্কাইভের -৪°, -৮° এবং ০° সেলসিয়াস ভল্টে আউটডোর ইউনিটে ৩টি ফিউজ পরিবর্তন, -৮° সেলসিয়াস ভল্টে ড্রেন লাইন মেরামত ও ৪° সেলসিয়াস ভল্টের আউটডোর ইউনিটে কনডেন্সার ফ্যান মেরামত করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। গণপূর্ত অধিদপ্তরে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ), এসএই-(সকল) |

**(ঙ) প্রশাসন শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | নিয়োগবিধি সংক্রান্ত | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের পত্রের চাহিদা মোতাবেক 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৫' প্রণয়নের নিমিত্ত নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি ১২ (বারো) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পুনরায় প্রেরণ করা হয়। | পরিচালক-২ কে এ বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), প্রশাসনিক কর্মকর্তা |
| ১০। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিকভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়।<br>সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম নিয়মিত আপলোড করতে হবে। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।<br>সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম নিয়মিত আপলোড করা হয়। এবিষয়ে সিস্টেম এডমিনকে মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী সহযোগিতা করবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ পিএ টু ডিজি |
| ১১। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ উদ্যোগের ধারাবাহিকতায় আগস্ট, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ১০০% হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ১০০% ডি-নথি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক, সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১২। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রসাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছ্রসাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সম্পর্কে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছ্রসাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু রয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |
| ১৩। | মামলা সংক্রান্ত | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের রীট পিটিশন মামলা নং ৮৬০৪/২০২৫ নামে নতুন একটি মামলা চালু হয়েছে। উক্ত মামলাটি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে।<br>এ সংক্রান্ত বিষয়ে দপ্তরের মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ আরিফুজ্জামান-এর সাথে মন্ত্রণালয়ের প্রতিনিধির সাথে কথা হয়েছে। এই রীট মামলাটি জবাব প্রদানের সময় বৃদ্ধির জন্য মন্ত্রণালয় হতে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়েছে। | প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তার সাথে মামলা সম্পর্কিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নিবিড় এবং অবিলম্বে রীট মামলার জবাব দিতে হবে। | পরিচালক উপপরিচালক/ মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৪। | কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত হাজিরা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা নিয়মিত পর্যবেক্ষণ জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের সময়মত হাজিরার ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ জোরদার করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের সময়মত হাজিরার ক্ষেত্রে কোনো ব্যত্যয় পরিলক্ষিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক হিসাব রক্ষণ কর্মকর্তা প্রশাসনিক কর্মকর্তা |

**(চ) প্রকল্প বাস্তবায়ন**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | ‘দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ’ শীর্ষক প্রকল্প | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক বাস্তবায়নাধীন ‘দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ’ শীর্ষক প্রকল্পটি গত ৩০/০৬/২০২৫ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৬৮২.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল এপ্রিল ২০২৫ থেকে জুন ২০২৭ পর্যন্ত। প্রকল্পের মূল কার্যক্রম হলো: দেশি ও বিদেশি উৎস থেকে ২০২৪ এর ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের অডিও-ভিজ্যুয়াল দলিল সংগ্রহ, ২০০টি সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি তৈরি, ১টি ইন্টারেক্টিভ ডিজিটাল আর্কাইভ/ওয়েবসাইট তৈরি, গণঅভ্যুত্থান সম্পর্কিত বিশেষায়িত ফিল্ম মিউজিয়াম স্থাপন এবং আর্কাইভিং ফ্যাসিলিটি ও প্রদর্শন ব্যবস্থা আধুনিকায়ন।<br><br>ডিপিপিতে প্রেষণ/অতিরিক্ত দায়িত্বে বিভিন্ন গ্রেডের ৫টি পদে এবং আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের মাধ্যমে ৭টি পদসহ মোট ১২টি পদে নিয়োগের সংস্থান রয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ৩০/০৭/২০২৫ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। টেকনিশিয়ান ও হিসাবরক্ষক পদে অত্র দপ্তরের ২ জন কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। উপ-প্রকল্প পরিচালকসহ অন্যান্য পদসমূহে জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরুর লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের পরামর্শক্রমে ১২/০৮/২০২৫ তারিখে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে ‘থোক’ হতে ৫০০.০০ (রাজস্ব: ১৪২.০০+মূলধন: ৩৫৮.০০) লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়। বাজেট বরাদ্দ অনুমোদনের বিষয়টি বর্তমানে কার্যক্রম বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। প্রেক্ষিতে, আগস্ট, ২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি শূন্য। বরাদ্দ চাহিদা অনুযায়ী ইতোমধ্যে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিভিন্ন ধরনের ক্রয় কমিটি গঠনের বিষয়টি প্রক্রিয়াধীন। কমিটি গঠিত হলে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি তৈরির কর্মপরিধি এবং পরামর্শক নিয়োগের কর্মপরিধি প্রণয়ন শুরু করা হবে। | প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু করার জন্য দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>• উপ-প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রকল্প পরিচালককে নিয়মিত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৯/২০২৫
মো. আবদুল জলিল
মহাপরিচালক
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।